দৈনিক ইনকিলাব

JAN 31 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৮ ... কলাম ... ৩ ......

# আজ শুরু হচ্ছে বৃটিশ শিক্ষামেলা

স্টাফ রিপোর্টার ঃ আজ (বৃহস্পতিবার) থেকে ঢাকার শেরাটন হোটেলে শুরু হচ্ছে ৩ দিনব্যাপী বৃটিশ শিক্ষামেলা। এই শিক্ষামেলায় ব্রিটেনের ১৫টি খ্যাতনামা কলেজ ও বিশ্ববিদ্যালয় অংশগ্রহণ করছে। ঢাকাস্থ বৃটিশ কাউন্সিল এ মেলার আয়োজন করেছে। ব্রিটেনের এসব কলেজ ও বিশ্ববিদ্যালয়ের পরিচিতি এবং বিভিন্ন সুযোগ-সুবিধাসহ তাদের শিক্ষা ব্যবস্থা ও কোর্স কারিকুলাম তুলে ধরে গ্র্যাজুয়েট

৫-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

## বৃটিশ শিক্ষামেলা

৮-এর পৃষ্ঠার পর

লেভেলে বাংলাদেশ থেকে ছাত্রছাত্রী সংগ্রহই এ শিক্ষামেলার উদ্দেশ্য। আজ দুপুর সাড়ে ১২টায় শেরাটন হোটেলের বলরুমে আনুষ্ঠানিক উদ্বোধনের পর রাত সাড়ে ৮টা পর্যন্ত মেলা খোলা থাকবে। এছাড়া আগামীকাল (শুক্রবার) সকাল ১১টা থেকে রাত সাড়ে ৮টা এবং পরশু (শনিবার) সকাল ১১টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত মেলা চলবে। মেলায় যুক্তরাজ্যের যে সব শিক্ষা প্রতিষ্ঠান অংশগ্রহণ করছে সেগুলো হলো ঃ ইউনিভার্সিটি অফ সেন্ট্রাল ইংল্যান্ড ইন বার্মিংহাম, ডেভিডগেম কলেজ, এডেক্সেল ইন্টারন্যাশনাল, ইউনিভার্সিটি অফ গ্লাসগো, হলবর্ন কলেজ, ইউনিভার্সিটি অফ হাডার্স ফিল্ড, লীডস মেট্রোপলিটন ইউনিভার্সিটি, লিভারপুল জন মুরীস ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি অফ লন্ডন এক্সটার্নাল প্রোগ্রাম, ইউনিভার্সিটি অফ লুটন, মিডলসেক্স ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি অফ নর্থামব্রিয়া এট নিউ ক্যাসেল, রিচমন্ড দ্য আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি ইন লন্ডন, স্টাডি গ্রুপ ইন্টারন্যাশনাল এবং রিটল কলেজ। উল্লেখ্য প্রতিবছর বাংলাদেশ থেকে গড়ে প্রায় ১ হাজার ছাত্রছাত্রী উচ্চ শিক্ষার্থে ব্রিটেনে যায়। বর্তমানে ব্রিটেনে ৩ হাজারেরও বেশী শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে-যার মধ্যে আড়াইশ'র মতো কলেজ ও বিশ্ববিদ্যালয়। ব্রিটেনে সম্প্রতি বিদেশীদের আবার ওয়ার্ক পারমিট দেয়ার সিদ্ধান্ত নেয়ায় এবারের এই ব্রিটিশ শিক্ষামেলা বাংলাদেশের শিক্ষিত তরুণ-তরুণীদের মধ্যে ব্যাপক সাড়া জাগাবে বলে ধারণা করা হচ্ছে।